

আজকের পত্রিকা

উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য ইয়াসমীন আরার পোস্ট ডক্টরেট ডিগ্রি অর্জন

বিজ্ঞপ্তি

প্রকাশ: ০৬ এপ্রিল ২০২৪, ১৫:০০

Source: <https://www.ajkerpatrika.com>



উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য পেলেন পোস্ট ডক্টরেট ডিগ্রি। ছবি: সংগৃহীত

ভারতের ঝাড়খণ্ড রাজ্যের রাঁচি বিশ্ববিদ্যালয় থেকে পোস্ট ডক্টরেট ডিগ্রি অর্জন করেছেন উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য ইয়াসমীন আরা লেখা। গতকাল শুক্রবার তাঁকে এই ডিগ্রি দিয়েছে রাঁচি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

উপাচার্য ইয়াসমীন আরা লেখার থিসিসের টপিক ছিল 'বাংলাদেশের প্রবাদ-প্রবচন: ভাষাতাত্ত্বিক বিশ্লেষণ'। তাঁর থিসিসের তত্ত্বাবধায়ক ছিলেন বিশ্ববিদ্যালয়টির বাংলা বিভাগের অধ্যাপক এস কে পাল।

২০২৩ সালের এপ্রিল মাসে উত্তরা ইউনিভার্সিটির নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছিলেন ইয়াসমীন আরা লেখা। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বাংলা সাহিত্য ও ভাষাবিজ্ঞান বিষয়ে ১৯৯২ সালে স্নাতক (সম্মান) এবং ১৯৯৫ সালে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন।

গবেষক হিসেবে অর্জনের স্বীকৃতিস্বরূপ ইয়াসমীন আরা লেখা ভারতের যাদবপুর বিশ্ববিদ্যালয় থেকে ভাষাবিজ্ঞানে পিএইচডি ডিগ্রি অর্জন করেন।